# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২০১

১/ বিবিধ

আরবী

حاسبوا أنفسكم قبل أن تحاسبوا، وزنوا أنفسكم قبل أن توزنوا، فإنه أهو ن عليكم في الحساب غدا، أن تحاسبوا أنفسكم اليوم، وتزينوا للعرض الأكبر يومئذ تعرضون لا تخفى منكم خافية
موقوف

علقه ابن الجوزي في " تاريخ عمر بن الخطاب " (ص 176 - 177) عن ثابت بن حجاج
قال: قال عمر: فذكره. وقد وصله أبو نعيم في " حلية الأولياء " (1/52) من طريق جعفر بن برقان عن ثابت بن حجاج به. وإسناده جيد في حلية الأولياء (1/52) من طريق جعفر بن برقان عن ثابت بن حجاج به. وإسناده جيد؛ إن كان ثابت سمعه من عمر؛ فإن صورته صورة المعلق المنقطع، وقد ذكر له الحافظ في " التهذيب " رواية عن بعض الصحابة ليس منهم عمر، بل إن البخاري وابن أبي حاتم لم يذكرا له رواية إلا عن بعض التابعين، ولذلك أورده ابن حبان في أتباع التابعين من كتابه " الثقات " (6/127) وقال
" روى عن جماعة من التابعين ". والله أعلم
ورواه ابن عساكر في " تاريخ دمشق " (13/58/1) من طريق أخرى عن مالك بن مغول
بلاغا عن عمر نحوه. وعلق الفقرة الأولى منه الحكيم الترمذي في " كتاب الأكياس

والمغترين " (31) عن عمر موقوفا دون إسناد

বাংলা

১২০১। তোমাদেরকে হিসেবের সম্মুখীন করার পূর্বেই নিজেদের হিসাব নিজেরাই কর। তোমাদেরকে ওযন করার পূর্বেই তোমরা নিজেদেরকে ওযন কর। কারণ, আজ তোমাদের নিজেদের হিসাব নিজেরাই করে নেয়া আগামী কাল হিসেবের সম্মুখীন হওয়া থেকে তোমাদের জন্য বেশী সহজ। আর তোমরা বড় দিনে (কিয়ামত দিবসে) উপস্থাপিত হওয়ার জন্য নিজেদেরকে সৌন্দর্য মণ্ডিত কর। “সেদিন তোমাদের (আল্লাহর সামনে) পেশ করা হবে, তোমাদের কোন কিছুই তোমাদের গোপন থাকবে না” (সূরা হাক্কাহঃ ১৮)।

এটি মওকুফ হাদীস।

হাদীসটিকে ইবনুল জাওযী “তারীখু উমর ইবনুল খাত্তাব” গ্রন্থে (পৃঃ ১৭৬-১৭৭) মুয়াল্লাক হিসেবে সাবেত ইবনু হাজ্জাজ হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ উমার (রাঃ) বলেনঃ ...।

আবু নুয়াইম "হিলইয়াতুল আওলিয়্যা" গ্রন্থে (১/৫২) জাফার ইবনু বারকান সূত্রে সাবেত ইবনু হাজ্জাজ হতে মওসূল হিসেবে বর্ণনা করেছেন। তার সনদটি ভালো যদি সাবেত উমার (রাঃ) হতে শুনে থাকেন তাহলে। কারণ, তার অবস্থাটা মুয়াল্লাক মুনকাতি। কারণ হাফিয ইবনু হাজার “আত-তাহযীব” গ্রন্থে কোন কোন সাহাবী হতে সাবেতের বর্ণনা উল্লেখ করেছেন কিন্তু তাদের মধ্যে উমার নেই। বরং বুখারী এবং ইবনু আবী হাতিম তার বর্ণনা কোন কোন তাবেঈ থেকেই উল্লেখ করেছেন। এ কারণে ইবনু হিব্বান তাকে তার "আসসিকাত" গ্রন্থে (৬/১২৭) তাবে’ তাবে ঈদের মধ্যে উল্লেখ করে বলেছেনঃ তিনি একদল তাবেঈ হতে বর্ণনা করেছেন।

ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১/৫৮/১৩) অন্য সূত্রে মালেক ইবনু মুগূল হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেনঃ আমার নিকট পৌঁছেছে যে, উমার (রাঃ) হতে এভাবে বর্ণিত হয়েছে। আর প্রথম অংশটি হাকিম আত-তিরমিযী "কিতাবুল আকইয়াস অল-মুগতাররীন" গ্রন্থে (৩১) উমার (রাঃ) হতে কোন সনদ ছাড়াই মওকুফ হিসেবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72080

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন